# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ৪. সাপ ধরা ও বিষ পান করা

মানুষের বিশ্বাস তাকে সৎ ও মানবপ্রেমিক করে। ধর্মগ্রন্থের অনুসরণ ও সৎ থাকাই ঈমানের প্রমাণ ও ফল। সৎ মানুষ তৈরিই বিশ্বাসের বড় অলৌকিকত্ব। এজন্য ধর্মপ্রবর্তকরা সর্বদা ঈমানের প্রমাণ ও ফল হিসেবে সততা ও পূণ্যকর্মের কথা উল্লেখ করেছেন। বাইবেলের মধ্যেও এরূপ অনেক নির্দেশনা বিদ্যমান। কিন্তু এগুলোর বিপরীতে বাইবেলের মধ্যে যীশুর মুখে এমন কিছু কথা উল্লেখ করা হয়েছে যা কুসংস্কারাচ্ছন্ন ভণ্ডদের মুখেই শোভা পায়। যেমন বিভিন্ন স্থানে ঈমান বা বিশ্বাসের প্রমাণ হিসেবে ভূত তাড়ানো, সাপ ধরা, বিষ পান ইত্যাদি বিষয় উল্লেখ করা হয়েছে। যীশু বলেন: ‘‘দেখ, আমি তোমাদেরকে সাপ ও বিছার উপর দিয়ে হেঁটে যাবার ক্ষমতা দিয়েছি এবং তোমাদের শত্রুর (the enemy: তোমাদের শত্রু শয়তানের) সমস্ত শক্তির উপরেও ক্ষমতা দিয়েছি। কোনো কিছুই তোমাদের ক্ষতি করবে না।’’ (লূক ১০/১৯, মো.-০৬)

তিনি আরো বলেন: ‘‘আমি তোমাদের সত্যিই বলছি, তোমরা সন্দেহ না করে যদি বিশ্বাস কর তবে ডুমুর গাছের উপরে আমি যা করেছি তোমরাও তা করতে পারবে। কেবল তা নয়, কিন্তু যদি এই পাহাড়কে বল, ‘উঠে সাগরে গিয়ে পড়’, তবে তাও হবে।’’ (মথি ২১/১৮-২১; মার্ক ১১/১২-২৩, মো.-০৬)

তিনি বলেন: ‘‘আমি তোমাদের সত্যিই বলছি, যদি একটা সর্ষে দানার মত বিশ্বাসও তোমাদের থাকে তবে তোমরা এই পাহাড়কে বলবে, ‘এখান থেকে সরে ওখানে যাও’, আর তাতে ওটা সরে যাবে।’’ (মথি ১৭/২০)

তিনি অন্যত্র বলেন: ‘‘একটা সরিষা-দানার মতও যদি তোমাদের বিশ্বাস থাকে তবে তোমরা এই তুঁত গাছটাকে বলতে পারবে, ‘শিকড় সুদ্ধ উঠে গিয়ে নিজেকে সাগরে পুঁতে রাখ।’ তাতে সেই গাছটি তোমাদের কথা শুনবে।’’ (লূক ১৭/৬, মো.-০৬)

তিনি বলেন: ‘‘আর যারা ঈমান আনে, এই চিহ্নগুলো তাদের অনুবর্তী হবে; তারা আমার নামে বদ-রূহ ছাড়াবে, তারা নতুন নতুন ভাষায় কথা বলবে, তারা সাপ তুলবে, এবং প্রাণনাশক কিছু পান করলেও তাতে কোন মতে তাদের ক্ষতি হবে না; তারা অসুস্থদের উপরে হাত রাখবে, আর তারা সুস্থ হবে।’’ (মার্ক ১৬/১৮, মো.-১৩)

যোহন ১৪/১২ অনুসারে যীশু বলেন: ‘‘সত্য, সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য করিতেছি, সেও করিবে, এমন কি, এ সকল হইতেও বড় বড় কার্য করিবে; কেননা আমি পিতার নিকটে যাইতেছি...।’’

আমরা দেখেছি যে, এ কথাগুলো বাস্তবতার আলোকে ভুল। লক্ষ-কোটি বিশ্বাসী কেউই এগুলো করছেন না। এরচেয়েও গুরুত্বপূর্ণ কয়েকটা বিষয় পাঠক লক্ষ্য করুন:

(ক) মানুষ বিশ্বাসী হয় মহান স্রষ্টার প্রেম, তাঁর সন্তুষ্টি ও মুক্তির প্রত্যাশায়। দুনিয়ার জীবনে অলৌকিক ক্ষমতা অর্জনের জন্য ঈমান গ্রহণ বা কর্ম করা মূলতই ভণ্ডামি এবং জাগতিক ক্ষমতা অর্জনের অপচেষ্টা। যাদুকররা এরূপ

করেন।

(খ) নবীদের অলৌকিক কর্ম তাঁদের সত্যতা প্রমাণের জন্য। পুরাতন নিয়মের নবীদের কর্ম বর্ণনায় আমরা দেখি না যে, তাঁরা তাঁদের জাতিদেরকে বিশ্বাসের মাধ্যমে অলৌকিক ক্ষমতা লাভের লোভ দেখিয়েছেন। তাঁরা মূলত বিশ্বাসের মাধ্যমে ঈশ্বরের প্রেম ও পুরস্কারের লোভ দেখিয়েছেন। ধর্মের মূল চেতনা থেকে বঞ্চিত কুসংস্কারাচ্ছন্ন মানুষেরাই এরূপ বুজরুকি বা ভেল্কিবাজি খুঁজে বেড়ায়। অতীতে ও বর্তমানে অনেক ভণ্ড এরূপ ‘বুজরুকি’ বা ভেল্কির লোভ দেখিয়ে ভক্ত টানেন। প্রকৃত ধর্ম প্রচারকরা কখনোই এরূপ করেন না। যীশু কেন এরূপ বুজরুকি বা ভেল্কির লোভ দেখাবেন? যীশু কি কুসংস্কারাচ্ছন্ন মানুষদেরকে ভেল্কি দেখিয়ে ধর্মান্তর করতে শেখালেন?

(গ) অতীতে ও বর্তমানে অনেক ভণ্ড এরূপ অনেক ভেল্কি বা অলৌকিক কর্ম প্রদর্শন করেছেন। তাদের কর্ম কি আমরা বিশ্বাসের প্রমাণ হিসেবে গণ্য করব? অতীতে ও বর্তমানে কোনো সাধারণ বা অসাধারণ খ্রিষ্টান ধার্মিক বা ধর্মগুরু এ সকল কাজ করে দেখাতে পারছেন না। ভূত তাড়ানো বা রোগ সারানোর মত অতি সাধারণ কিছু কবিরাজি তারা করেন। নাস্তিক, আস্তিক, ধ্যানবাদী, যাদুকর ও সকল ধর্মের ওঝারাই এরূপ করিরাজি করেন। এছাড়া কিছুই তাঁরা দেখাতে পারছেন না। পাহাড় বা তুঁতগাছ তো দূরের কথা একটা লতাগুল্মকেও তারা আদেশ করে সমুদ্রে স্থানান্তরিত করতে পারছেন না। এটা কি তাঁদের শর্ষে দানা পরিমাণ বিশ্বাসও না থাকার প্রমাণ?

(ঘ) এটা একটা অবাস্তব শিক্ষা যা অনেক সমস্যা সৃষ্টি করতে পারে। বাইবেল সমালোচক গ্যারি ডেভানি (Gary DeVaney) লেখেছেন:

“If your child believed Jesus and picked up a deadly serpent and was killed- would you then consider Jesus to be sinful? If you publicly promoted this C&V to people and some acted on your words and died, wouldn't you go to prison? Jesus Christ proves not to be a good model for humanity.”

“Mark 16:17-18 ... Many "faithful" Christians have died due to this specific Bible C&V. Would you honestly want your impressionable, trusting kids to read and believe this C&V and then to prove their faith by actually picking up serpents with their hands or drinking any deadly thing? Please! Please! Please! Do not do the snake and poison thing at home or anywhere else! Do you honestly support and promote every C&V in the Bible? How can you promote and support Jesus Christ if He tells you to "in His name" do these things?”

“You do believe Jesus - don't you? ... Did Jesus Christ lie in either or both of these C&Vs concerning poisonous serpents? Come on! Would a sane person put a live Cobra in his or her own lap or in your child's lap to prove that Jesus did not lie? (Do not ever do that!).”

“যদি আপনার শিশু যীশুকে বিশ্বাস করে একটা মারাত্মক সাপ তুলে নেয় এবং নিহত হয়, তবে আপনি কি যীশুকে অপরাধী বা পাপী বলে গণ্য করবেন? যদি আপনি গণমানুষের মধ্যে বাইবেলের এ শ্লোকটা প্রচার ও প্রবর্তন করেন এবং কিছু মানুষ আপনার কথা অনুসারে কর্ম করে মৃত্যুবরণ করে তবে কি আপনি কারাগারে যাবেন না? আমার দৃষ্টিতে যীশু খ্রিষ্ট মানবতার জন্য সুন্দর আদর্শ বলে প্রমাণিত নন।”[1]

“মার্ক ১৬/১৭-১৮.. এ শ্লোকদ্বয়ের কারণে অনেক ‘বিশ্বাসী’ খ্রিষ্টান মৃত্যুবরণ করেছেন। আপনি কি বিশ্বস্ততার সাথে চাইবেন যে, আপনার অবুঝ ও আস্থাশীল সন্তানেরা বাইবেলের এ শ্লোকগুলো পাঠ করুক এবং তা বিশ্বাস করুক? এরপর তাদের বিশ্বাস বাস্তবে প্রমাণ করতে সাপ নিয়ে হাতে ধরুক বা বিষাক্ত কিছু পান করুক? পস্নীজ! পস্নীজ! পস্নীজ! সাপ ও বিষের দ্রব্য বাড়িতে বা অন্য কোথাও রাখবেন না। আপনি কি বিশ্বস্ততার সাথেই বাইবেলের সকল কথা বিশ্বাস ও প্রচার করেন? যীশু যদি তাঁর নামে এ সকল কর্ম করতে বলেন তবে আপনি কিভাবে তা সমর্থন ও প্রচার করবেন?”[2]

“আপনি কি যীশুকে বিশ্বাস করেন? বিষাক্ত সাপ বিষয়ক উপরের উদ্ধৃতির সবগুলোতে বা কোনোটাতে কি যীশু খ্রিষ্ট মিথ্যা বলেছেন?  আসুন! যীশুর সত্যবাদিতা প্রমাণের জন্য কোনো সুস্থবুদ্ধি ব্যক্তি কি তার নিজের কোলে অথবা আপনার শিশুর কোলে কি একটা জীবন্ত গোখরা সাপ রাখবেন? (কখনোই এরূপ করবেন না!)”[3]

## ফুটনোট

[1] Jesus' Sins: http://www.thegodmurders.com/id90.html
[2] Jesus’ Family Values: http://www.thegodmurders.com/id119.html
[3] Did Jesus Christ Lie? http://www.thegodmurders.com/id188.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14352

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন